

‘পদাশ্রিত’ শব্দের তাৎপর্য

‘পদাশ্রিত’ শব্দটি দুটি অংশে বিভক্ত- পদ + আশ্রিত= পদের আশ্রয়ে থাকা

অর্থাৎ, এই নির্দেশকগুলো সাধারণত স্বাধীনভাবে বাক্যে দাঁড়ায় না; কোনো না কোনো পদের সঙ্গে যুক্ত হয়ে অর্থ প্রকাশ করে। যেমন-

বই + টি= বইটি; মানুষ + গুলো= মানুষগুলো; দুধ + টুকু= দুধটুকু; পাঁচ + এক= পাঁচেক।

এখানে ‘টি’, ‘গুলো’, ‘টুকু’, ‘এক’- এগুলো একা একা পূর্ণ অর্থবাহী পদ নয়; অন্য পদের আশ্রয়ে অর্থপূর্ণ হয়েছে। তাই এগুলোকে বলা হয় পদাশ্রিত নির্দেশক।

ইংরেজি article ও বাংলা পদাশ্রিত নির্দেশক

ইংরেজিতে ‘a’, ‘an’, ‘the’- এই article-গুলো noun-এর আগে বসে। কিন্তু বাংলায় পদাশ্রিত নির্দেশক সাধারণত noun-এর পরে বসে।

তুলনামূলক ছক

ধারণা	ইংরেজি	বাংলা
অনির্দিষ্ট একবচন	a book	একটি বই
নির্দিষ্ট একবচন	the book	বইটি/বইটা
নির্দিষ্ট বহুবচন	the books	বইগুলো/বইগুলি
মানুষ গণনা	one person	একজন মানুষ
অল্প পরিমাণ	a little milk	দুধটুকু/একটু দুধ

গুরুত্বপূর্ণ পার্থক্য

দিক	ইংরেজি article	বাংলা পদাশ্রিত নির্দেশক
অবস্থান	noun-এর আগে	সাধারণত noun-এর পরে বা সংখ্যা-শব্দের সঙ্গে
রূপ	a, an, the	-টা, -টি, -খানা, -টুকু, -গুলো, -জন
কাজ	নির্দিষ্ট/অনির্দিষ্টতা	নির্দিষ্টতা, অনির্দিষ্টতা, শ্রেণি, সংখ্যা, আবেগ
উদাহরণ	the book	বইটি
সামাজিক/আবেগগত ব্যবহার	তুলনামূলক কম	অনেক বেশি

সুতরাং, বাংলা পদাশ্রিত নির্দেশককে ইংরেজি article-এর সমতুল্য বলা যায়, কিন্তু একেবারে একই বলা যায় না। কারণ বাংলায় নির্দেশক একদিকে article-এর কাজ করে, অন্যদিকে classifier বা শ্রেণিসূচক শব্দাংশের কাজও করে।

আন্তর্জাতিক ভাষাবিজ্ঞানে নির্দেশক, article ও classifier

নির্দেশকের ব্যবহার: সারসংক্ষেপ-রেখাচিত্র

ভাষাবিজ্ঞানে definite article, indefinite article এবং classifier- এই তিনটি ধারণা গুরুত্বপূর্ণ।

1. Definite article:

WALS-এ definite article সম্পর্কে বলা হয়েছে, a definite article is a morpheme which accompanies nouns and codes definiteness or specificity.⁸ অর্থাৎ, নির্দিষ্টতা বা বিশেষত্ব বোঝানোই definite article-এর প্রধান কাজ।

বাংলা উদাহরণ:

বইটি টেবিলে আছে। ছেলেটা আমার ভাই। নদীটি অনেক বড়ো।

এখানে ‘টি’ ও ‘টা’ নির্দিষ্টতা প্রকাশ করছে।

2. Indefinite article: WALS-এ indefinite article সম্পর্কে

বলা হয়েছে, a morpheme is considered here to be an indefinite article if it accompanies a noun and signals that the noun phrase is pragmatically indefinite.^৫ অর্থাৎ, কোনো noun phrase শ্রোতার কাছে অজানা বা অনির্দিষ্ট হলে যে চিহ্ন তা প্রকাশ করে, সেটিই indefinite article.

বাংলা উদাহরণ:

একটি ছেলে এসেছে। একটা পাখি উড়ে গেল। কোনো একজন লোক ডাকছিল।

এখানে ‘একটি’, ‘একটা’, ‘একজন’ অনির্দিষ্ট একক বোঝাতে পারে।

পদাশ্রিত নির্দেশক



3. Classifier: Classifier হলো এমন শব্দাংশ বা পদ, যা বস্তু বা ব্যক্তিকে কোনো শ্রেণি অনুযায়ী গণনা বা নির্দেশ করতে সাহায্য করে। বাংলা ভাষায় -টা, -টি, -জন, -খানা, -গাছা, -টুকু ইত্যাদি অনেক ক্ষেত্রে classifier-এর কাজ করে। Ráková বাংলা classifier নিয়ে আলোচনা করতে গিয়ে দেখিয়েছেন যে, Bengali-তে টা/টি, খানা/খানি, গাছা/গাছি পভতি রূপ বিভিন্ন বস্তু, ব্যক্তি বা আকারভিত্তিক শ্রেণি নির্দেশে ব্যবহৃত হয়।

বচনভেদে পদাশ্রিত নির্দেশকের ব্যবহার

পদাশ্রিত নির্দেশক একবচন ও বহুবচনে ভিন্নভাবে ব্যবহৃত হয়। যেমন—

একবচন নির্দেশক

নির্দেশক	ব্যবহার	উদাহরণ
-টা	সাধারণ/কথ্য নির্দিষ্টতা	বইটা, ছেলেটা
-টি	প্রমিত/লিখিত নির্দিষ্টতা	বইটি, ফুলটি
-খানা	বস্তু/স্থান/কোমল নির্দিষ্টতা	ঘরখানা, চিঠিখানা
-খানি	কোমল/সাহিত্যিক রূপ	মুখখানি, গানখানি
-টুকু	অল্প পরিমাণ	দুধটুকু, জলটুকু
-জন	মানুষ গণনা	একজন, দুজন

বহুবচন নির্দেশক

নির্দেশক	ব্যবহার	উদাহরণ
-গুলো	কথ্য/প্রচলিত বহুবচন	বইগুলো, ছেলেগুলো

নির্দেশক	ব্যবহার	উদাহরণ
-গুলি	প্রমিত/লিখিত বহুবচন	বইগুলি, ফুলগুলি
-গুলা	কথ্য/আঞ্চলিক রূপ	আমগুলা, জিনিসগুলা
-গণ	সম্মানসূচক মানুষবাচক	শিক্ষকগণ
-বৃন্দ	সম্মানসূচক সমষ্টি	অতিথিবৃন্দ
-মন্ডলী	দল বা সমষ্টি	শিক্ষকমন্ডলী

উদাহরণ: ছাত্রটি ভালো। ছাত্রগুলো মাঠে আছে। শিক্ষকগণ সভায় উপস্থিত। অতিথিবৃন্দ আসন গ্রহণ করুন।

